


# Course Overview

## ৬ষ্ঠ শ্রেণি

---

**সূত্র:** Reimers, F. (2017). *Empowering students to improve the world in sixty lessons*. 1st ed. Createspace Independent Publishing Platform.

**স্বত্বাধিকার:** © 2017 Fernando M. Reimers. এই প্রকল্প the Creative Commons Attribution 4.0 International License দ্বারা অনুমোদিত। অনুমোদনপত্রের অনুলিপি দেখুন এখানে: https://creativecommons.org/licenses/by/4.0/ সমস্ত অধিকার সংরক্ষিত।

**সতর্কীকরণ:** সংশ্লিষ্ট পাঠ পরিকল্পনা Global Schools Program কর্তৃক এককভাবে প্রস্তুতকৃত ও মুদ্রিত।

| এক নজরে | |
|---|---|
| **শিখন লক্ষ্য** | |
| বিগত শ্রেণিগুলোতে শিক্ষার্থীরা একটি সমাজের সদস্য হওয়ার মানে কী তা বুঝেছে, সেই সমাজের কল্যাণে তারা কী উপায়ে অবদান রাখতে পারে তা জেনেছে, সমাজের মাঝে নানা বৈচিত্র্যের তাৎপর্য কী তা শিখেছে এবং ভেদাভেদ নির্বিশেষে মানুষের সাথে সংযোগের কৌশল আয়ত্ত করেছে। ৬ষ্ঠ শ্রেণিতে তারা বিশ্লেষণী দৃষ্টিকোণ থেকে সমাজের নানা তত্ত্ব বিচার করবে এবং অধিকার, অসমতা, ক্ষমতার দৌরাত্ম্য ও সামাজিক ন্যায়বিচার কীভাবে তাদের ব্যক্তিজীবনে ভূমিকা রাখে তা অনুধাবন করবে। | |
| **বিষয়বস্তু** | |
| পাঠ ১ | আত্ম-পরিচয়, অধিকার ও অসমতা |
| পাঠ ২ | সমাজে আমার অবস্থান |
| পাঠ ৩ | রাষ্ট্রে আমার অবস্থান |
| পাঠ ৪ | বিশ্বে আমার অবস্থান |
| পাঠ ৫ | দিন বদলের ডাক |
| **শিখন ফল** | |
| • শিক্ষার্থীরা তাদের ও অন্যান্যদের অধিকারের নানা দিক সম্পর্কে জানবে।<br>• শিক্ষার্থীরা তাদের অধিকারকে অগ্রসর করে এমন ঐতিহাসিক, সামাজিক বা সাংস্কৃতিক প্রভাবকসমূহ চিহ্নিত করবে।<br>• শিক্ষার্থীরা তাদের ও অন্যান্য মানুষের পরিচয়, অধিকার ও অভিজ্ঞতার তারতম্য কীভাবে ঘটে তা অনুধাবন করবে এবং নিজেদের জীবনে অসমতা নিরসনে পদক্ষেপ নিবে। | |

Global Schools Program

# শ্রেণি- ৬ষ্ঠ ; পাঠ- ১
## "ব্যক্তিগত পরিচয়, অধিকার ও অসমতা"

**সময়সীমা:** ৬০ মিনিট
**বিষয়:** মানবিক শিক্ষা, সমাজ
**মানদণ্ড:** দারিদ্র্য বিলোপ (SDG ১); মানসম্মত শিক্ষা (SDG ৪); নারী পুরুষের সমতা (SGG ৫); অসমতা হ্রাস (SDG ১০); যথোচিত কর্ম ও অর্থনৈতিক প্রবৃদ্ধি (SDG ৮); শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান (SDG ১৬)
**প্রণয়নে:** Somoh Supharukchinda (with Alexandra Ball, Deaweh Benson, Heer Shaikh, and Nicolas Riveros)

**সারসংক্ষেপ ও মূলনীতি:**

- আলোচ্য পাঠ শিক্ষার্থীদের ব্যক্তিগত পরিচয় ও এর গাঠনিক দিকগুলো সম্পর্কে বিশ্লেষণ ও আলোচনা করতে সাহায্য করবে। এছাড়াও তারা বিবেচনা করবে কীভাবে একে অন্যের পরিচয়ের মধ্যে তফাত হয় এবং কীভাবে এই পরিচয়ের নানা দিক থেকে বৈষম্য সূচিত হয় বা কীভাবে তা নির্দিষ্ট কিছু মানুষের জন্য সুবিধাজনক হয়।
- আলোচনা ও প্রতিফলনের সূত্রপাত হিসেবে দুইটি প্রধান অনুশীলন চর্চা করা হবে:
  - প্রথম অনুশীলনে শিক্ষার্থীরা একটি খেলায় অংশগ্রহণ করবে যেখানে তারা অভিনয় করে দেখাবে যে একজন মানুষের অবস্থান কীভাবে তার জীবনের সম্ভাবনা ও সাফল্যকে প্রভাবিত করে।
  - দ্বিতীয় অনুশীলনে শিক্ষার্থীরা একটি 'পরিচিতি চক্র' তৈরির মাধ্যমে এবং তাদের পরিচয়ের গাঠনিক দিক কীভাবে সমাজে তাদের অবস্থান ও অধিকারকে প্রভাবিত করে তা নিরূপণের মাধ্যমে আত্মপরিচয়ের স্বরূপ উদঘাটন করবে।

**নির্দেশনামূলক লক্ষ্য:**

- **জ্ঞান ও দক্ষতা:**
  - আত্মপরিচয় ও আদি উৎস, অপরের পরিচয় ও আদি উৎস, সংস্কৃতি কীভাবে পরিচয় গঠন করে এবং মানুষের কালিক ও মহাজাগতিক অবস্থান অনুধাবন (আত্মসচেতনতা)।
  - সংস্কৃতি, ধর্ম ও অভিজ্ঞতার ভিত্তিতে কীভাবে মূল্যবোধ তৈরি হয় তা অনুধাবন।

○ শিক্ষার্থীরা বিদ্যমান ক্ষমতা কাঠামো অনুসন্ধান করতে ও সুনির্দিষ্ট বৈশ্বিক প্রেক্ষাপটে নিজেদের অবস্থান সম্পর্কে সচেতন হতে সক্ষম হবে।

- **নৈতিক ও অন্তঃ সাংস্কৃতিক মনোভাব**:
  - আত্মপ্রতিফলন ও সহানুভূতিশীল মানব মিথস্ক্রিয়ার ভিত হিসেবে সাংস্কৃতিক বৈচিত্র্য ও বিশ্ব সংস্কৃতি সম্পর্কে প্রশংসাসূচক, কৌতূহলী ও শ্রদ্ধাপূর্ণ মনোভাব গঠন।
  - সকল মানুষ ও তাদের সম্ভাবনার মৌলিক সমতার ব্যাপারে বিশ্বাস স্থাপন।

**অনুধাবনমূলক লক্ষ্য:**
- মানুষের ব্যক্তিগত অভিজ্ঞতা ও প্রেক্ষাপট এবং তাদের সম্ভাবনার সমন্বয়ে তাদের পরিচয় গড়ে ওঠে।
- একে অপরের প্রেক্ষাপট ও অভিজ্ঞতায় তারতম্য থাকে এবং এসব তারতম্যের কারণে অসমতা সৃষ্টি হতে পারে ও তা বিশ্বে মানুষের অধিকারের মাত্রায় প্রভাব ফেলতে পারে।

**আবশ্যক প্রশ্নমালা:**
- কোন কোন বিষয়ের সমন্বয়ে মানুষের পরিচয় গড়ে ওঠে ?
- যে সকল বিভিন্ন বিষয়ের সমন্বয়ে আমাদের পরিচয় গড়ে ওঠে তা কীভাবে আমাদের সুযোগ প্রাপ্তির সম্ভাবনাকে প্রভাবিত করে?
- এ সকল বৈসাদৃশ্য কি ন্যায়সংগত? কেন বা কেন নয়?

**শিখন ফল**
এই পাঠ শেষে শিক্ষার্থীরা-
- তাদের পরিচয়ের প্রধান উপাদানগুলো বর্ণনা করতে পারবে।
- তাদের ও অপর মানুষের পরিচয়ের গাঠনিক বিষয়ের মধ্যে কীভাবে তারতম্য ঘটে তা বর্ণনা করতে পারবে।
- মানুষের পরিচয় কীভাবে সুযোগ প্রাপ্তির সম্ভাবনাকে প্রভাবিত করতে পারে এবং এর ফলে তারা কোন কোন অধিকার ভোগ করতে সমর্থ হবে বা হবে না তা ব্যাখ্যা করতে পারবে।

**মূল্যায়ন (ঐচ্ছিক বাড়ির কাজ):** শিক্ষার্থীরা তাদের আত্মপরিচয়ের অনুশীলন সাপেক্ষে তাদের অভিজ্ঞতা নিয়ে একটি সংক্ষিপ্ত জার্নাল লিখবে এবং তাদের বা অন্যের পরিচয়ের ভিন্নতা

কীভাবে সুযোগ প্রাপ্তির সম্ভাবনাকে প্রভাবিত করে তার দুইটি উদাহরণ দিবে।

**কর্মধারা:**

- **পাঠ পরিচিতি (১ মিনিট):**
    - আত্মপরিচয়ের স্বরূপ ও গঠন, মানুষ ভেদে পরিচয়ের তফাত, সুযোগ প্রাপ্তির সম্ভাবনার উপর পরিচয়ের প্রভাব ইত্যাদি বোঝার লক্ষ্যে শিক্ষক পাঠের উদ্দেশ্য ব্যাখ্যা করবেন। শিক্ষার্থীদের এ সকল পরিভাষার অর্থ জানা না থাকলে শিক্ষক পরিচয়ের সংজ্ঞার্থ হিসেবে বলতে পারেন "নিজেকে বর্ণনা করার পদ্ধতি"।

- **অসমতা সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা (৯ মিনিট):**
    - শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে প্রবেশ করবে ও আসন গ্রহণ করবে। প্রতিটি আসনে এক টুকরো দোমড়ানো কাগজ রাখা থাকবে।
    - শিক্ষক শিক্ষার্থীদেরকে বলবেন যে তাদের একটি পুরস্কার জেতার সুযোগ আছে। পুরস্কার জিততে হলে তাদেরকে অবশ্যই যার যার আসনে বসে কাগজের টুকরোটি শ্রেণিকক্ষের সামনে রাখা একটি ময়লার ঝুড়িতে ছুঁড়ে ফেলতে হবে। ○ আসন বণ্টন এরূপ হবে যাতে নির্দিষ্ট কিছু শিক্ষার্থী ময়লার ঝুড়িটির কাছাকাছি আসনে বসতে পারে। যারা কাগজের টুকরোটি ঝুড়িতে ফেলতে সক্ষম হবে তারা পুরস্কার পাবে (যেমন: চকলেট)। এছাড়াও তাদেরকে আরও দোমড়ানো কাগজের টুকরো দেওয়া হবে যাতে তারা আবারও ছুঁড়ে ফেলার সুযোগ পায় ও আরও পুরস্কার জিতে নেয়।

- **প্রশ্নোত্তর/আলোচনা পর্ব পরিচালনা (১৪ মিনিট):**
    - শিক্ষার্থীরা আলোচনা করবে যে কে কয়টি পুরস্কার পেয়েছে ও তাদের অনুভূতি কী। তারা যদি কোন হতাশা বা উদ্বেগ ব্যক্ত না করে তাহলে শিক্ষক তাদেরকে জিজ্ঞেস করবেন, "কার্যক্রমটি কি ন্যায়সংগত ছিল?" বা "সামনের সারিতে বসা শিক্ষার্থীরা কি পেছনের সারিতে বসা শিক্ষার্থীদের সাহায্য করতে পারতো (বাড়তি কাগজের টুকরো বিনিময়ের মাধ্যমে) ?"
    - শিক্ষক ব্যাখ্যা করবেন যে এই কার্যক্রমটি বাস্তব জীবনের বৈষম্যের অনুকরণে পরিচালিত হয়েছে। শিক্ষক শিক্ষার্থীদেরকে জিজ্ঞেস করবেন, "কী কী যোগসূত্র দেখা গেল?", "চকলেটের বদলে টাকা, বিদ্যালয় বা চাকুরি পুরস্কার দেওয়া হলে কী ঘটতো?", "জীবনের কোন দিকগুলোর কারণে একজন ব্যক্তি পেছনের সারির পরিবর্তে সামনের সারির আসনে স্থান পেতে পারেন?"

- **পরিচিতি চক্র কার্যক্রম পরিচালনা (১৮ মিনিট):**
  - শিক্ষার্থীরা এই পর্যায়ে এমন একটি কার্যক্রমে অংশগ্রহণ করবে যেটির মাধ্যমে তারা পরিচয় সম্পর্কিত আরো অনেক প্রশ্নের উত্তর জানতে পারবে। প্রথমে শিক্ষক বৃত্তাকার সচিত্র বিবরণ (circular graphic) হিসেবে একটি পরিচিতি চক্রের নমুনা উপস্থাপন করবেন যেখানে তাঁর পরিচয়ের নানা দিক তুলে ধরা হবে — যেমন: নাম, লিঙ্গ, জাতি, পারিবারিক অবস্থান ইত্যাদি। চক্রটির একেকটি অংশের (slice) আকার দ্বারা সেই দিকটি তাঁর পরিচয়ে কতখানি অবদান রাখে তা নির্দেশ করা হবে (বৃহত্তর অংশ মানে হলো সেটি তাঁর পরিচয়ের বৃহত্তর দিক)। শিক্ষক ব্যাখ্যা করবেন যে কেন তিনি একেকটি দিক বাছাই করেছেন এবং কেন সেগুলোকে একেক আকারে উপস্থাপন করেছেন।
  - শিক্ষকের নির্দেশনায় শিক্ষার্থীরা তাদের মতে তাদের পরিচয়ের গুরুত্বপূর্ণ দিকগুলোর ভিত্তিতে ব্যক্তিগত পরিচিতি চক্র তৈরি করবে। তাদের প্রত্যেকের কাছে এক টুকরো কাগজ ও মার্কার / রং পেন্সিল / লেখার সরঞ্জাম থাকবে। এই কাজে তারা নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনায় আনতে পারে:
    - ভূগোল (দেশ, শহর, গ্রাম ইত্যাদি)
    - লিঙ্গ
    - সম্প্রদায় / নৃতত্ত্বগোষ্ঠী / আদিবাসী ইত্যাদি
    - ধর্ম
    - পারিবারিক সম্পর্ক (পুত্র, কন্যা, ভাই, বোন ইত্যাদি)

- **পরিচিতি চক্র বর্ণনা (১০ মিনিট)**
  - শিক্ষার্থীরা ৩-৪ জন সদস্যবিশিষ্ট দলে বিভক্ত হয়ে একে অপরের সাথে তাদের সম্পূর্ণ পরিচিতি চক্র নিয়ে কথা বলবে এবং এসব চক্রের দিকসমূহ ও একেকটি অংশের আকার নির্বাচনের কারণ ব্যাখ্যা করবে।

- **সমাপ্তি (৮ মিনিট)**
  - শিক্ষার্থীরা নিম্নোক্ত প্রসঙ্গে একে অপরের সাথে মতবিনিময় করবে:
    - কোন পরিচয়গুলো সম্পর্কে তারা সবচেয়ে বেশি অবগত ছিল?
    - তারা কি কোন বিষয়ে অন্যগুলোর চেয়ে বেশি চিন্তা করেছে?
    - এটি কি তাদের সহপাঠীদের থেকে আলাদা?
    - তারা কি তাদের সহপাঠীদের পরিচিতি চক্রে কোনকিছু দেখে বিস্মিত হয়েছিলো? কেন বা কেন নয়?

▪ এগুলো কীভাবে প্রথম কার্যক্রমটির সাথে সম্পর্কিত হতে পারে?

**শিক্ষক সহায়ক:**

- অধিকার সম্পর্কিত কার্যকরী পাঠ : http://tiny.cc/G6L1R1
- কাগজ ও ময়লার পাত্র সম্পর্কিত পাঠের বিবরণ : http://tiny.cc/G6L1R2
- ব্যক্তিগত পরিচিতি চক্রের উদাহরণ : http://tiny.cc/G6L1R3

**শ্রেণি- ৬ষ্ঠ** ; **পাঠ- ২**
"**সমাজে আমার অবস্থান**"

**সময়সীমা:** ৬০ মিনিট
**বিষয়:** সমাজ, ইংরেজি, পৌরনীতি
**মানদণ্ড:** দারিদ্র্য বিলোপ (SDG ১); অসমতা হ্রাস (SDG ১০); টেকসই শহর ও সমাজ (SDG ১১); শান্তি , ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান (SDG ১৬)

**প্রণয়নে:** Alexandra Ball

**সারসংক্ষেপ ও মূলনীতি:** পাঠ ১ এ অধিকার ও পরিচয় সম্পর্কে শিক্ষার্থীদের অর্জিত জ্ঞান এই পাঠে সামাজিক পর্যায়ে উন্নীত হবে।

- বিগত পাঠে শিক্ষার্থীরা যে পরিচিতি চক্র তৈরি করেছে তা স্মরণ করবে এবং এর ফলে একজন ব্যক্তির পরিচয়ের বিভিন্ন দিক কীভাবে তার সম্ভাবনাকে প্রভাবিত করে তা নিয়ে নাতিদীর্ঘ আলোচনা সূচিত হবে।
- এরপর, শিক্ষকের নেতৃত্বে শিক্ষার্থীরা আলোচনা  করবে যে অসমতা (বিশেষত আয়ের অসমতা) কীভাবে একই সমাজে বসবাসকারী মানুষদরকে প্রভাবিত করতে পারে।
- একই সমাজের সদস্য হওয়া সত্ত্বেও ভিন্ন আয় উপার্জনকারী ব্যক্তির জীবনযাত্রা ও অভিজ্ঞতার তারতম্য বিষয়ে শিক্ষার্থীরা শিক্ষকের তত্ত্বাবধানে পরীক্ষামূলক চিন্তাভাবনা করবে।
- শিক্ষার্থীরা ছোট ছোট দলে বিভক্ত হয়ে তাদের ভাবনাগুলো ৫ মিনিটের চটজলদি অনুশীলনে লিখে ফেলবে এবং একে অপরকে তা পড়ে শোনাবে।
- শিক্ষার্থীরা সমবেত হয়ে একে অপরের সাথে আলোচ্য বিষয়ে মতবিনিময় করবে এবং কী কী উপায়ে Townville 'কল্পশহর' সমতা আনয়ন করতে পারে তা মাথা খাটিয়ে বের করবে।

**নির্দেশনামূলক লক্ষ্য:** সমাজে বিদ্যমান অসমতার প্রভাব সম্পর্কে পরীক্ষামূলক চিন্তাভাবনায় শিক্ষার্থীদেরকে নেতৃত্ব দেওয়া।

**অনুধাবনমূলক লক্ষ্য:** একই সমাজের সদস্য হওয়া সত্ত্বেও মানুষের সম্ভাবনা, অভিজ্ঞতা ও সক্ষমতায় ভিন্নতা থাকতে পারে। শিক্ষার্থীকে অবশ্যই নিজ নিজ সমাজের বহুমাত্রিকতার ব্যাপারে সচেতন হতে হবে এবং কীভাবে স্থানীয় পর্যায়ে সমান সুযোগ প্রসার করা যায় তা নিয়ে ভাবতে হবে।

**আবশ্যক প্রশ্নমালা:**

- সমাজের সকল সদস্য কি সমান? কেন বা কেন নয়?
- স্থানীয় পর্যায়ে অসমতার পরিণতি কী?
- সকল সদস্যের সমান সুযোগ ও স্বাধীনতা নিশ্চিতকরণে সমাজের করণীয় কী?

**শিখন ফল**:
এই পাঠ শেষে শিক্ষার্থীরা-

- বিগত পাঠের শিখন ফল কাল্পনিক ও বাস্তব উভয় প্রেক্ষাপটে প্রয়োগ করতে পারবে।
- দৈনন্দিন জীবনে তারা যা কিছু ঘটতে দেখে তা নিয়ে বিশ্লেষণী চিন্তা করতে পারবে।
- সামাজিক সমস্যা সমাধানে সৃজনশীলতার স্বাক্ষর রাখতে পারবে।

**মূল্যায়ন:** পাঠ শেষে প্রত্যেক শিক্ষার্থী স্থানীয় পর্যায়ে আয়ের অসমতা নিরসনের একটি করে পরামর্শ প্রদান করবে (শ্রেণির কাজের প্রেক্ষিতে)

**কর্মধারা:**

- **ভূমিকা/Defining Terms সংজ্ঞার্থ লিখন (৫ মিনিট):**
  - শিক্ষক শিক্ষার্থীদেরকে বুঝিয়ে বলবেন যে এই পাঠে তারা সমাজে বিদ্যমান অসমতা বিষয়ে আলোচনা করতে যাচ্ছে। তিনি জিজ্ঞেস করবেন সমাজ নিয়ে শিক্ষার্থীদের ভাবনা কী এবং তাদের মতামতের ভিত্তিতে বোর্ডে সমাজের একটি সংজ্ঞার্থ লিখবেন।
  - সংজ্ঞার্থটি দ্বারা পাড়া-মহল্লা, শহর, নগর, গ্রাম বা বিদ্যালয় বর্ণিত হতে পারে। এই ব্যাপকতা শিক্ষকের বিবেচনার অধীন থাকবে।

- **Framing পাঠের কাঠামো দান/ পাঠ ১ পর্যালোচনা (৫ মিনিট):**
  - শিক্ষক শিক্ষার্থীদেরকে পূর্বের পাঠ থেকে পরিচয় ম্যাপ স্মরণ করতে বলবেন। এরপর তিনি এ সকল ম্যাপ থেকে শনাক্তকৃত পরিচয় বৈচিত্র্যের বিভিন্ন উৎস

নিয়ে শিক্ষার্থীদের নিজেদের মধ্যে আলোচনা করতে বলবেন।
- ○ শিক্ষক মিনিট তিনেক শিক্ষার্থীদের আলোচনা পর্যবেক্ষণ করবেন এবং কোন বিষয়গুলো তাদের পরিচয় গড়ে তোলে তা নিয়ে আরো গভীরভাবে ভাবতে উৎসাহিত করবেন।

- **Kidville পরিচিতি (১০ মিনিট):**
  - ○ পাঠে ফিরে গিয়ে শিক্ষক শিক্ষার্থীদেরকে “Townville” ‘কল্পশহর ' নামে একটি কাল্পনিক সমাজের সাথে পরিচয় করিয়ে দিবেন। তিনি বোর্ডে এই শহরের একটি সরল মানচিত্র আঁকবেন যেখানে শহরটির বিদ্যালয়, বাজার, রাস্তাঘাট, downtown areas কেন্দ্রীয় বাণিজ্যিক এলাকা, ভৌগোলিক বৈশিষ্ট্য, town hall প্রশাসনিক ভবন ইত্যাদি চিহ্নিত করা হবে।
  - ○ এরপর শিক্ষক বোর্ডে ‘কল্পশহর' এর অন্তর্ভুক্ত দুইটি বাড়ির চিত্র আঁকবেন: গোলাকার বাড়ি ও চতুষ্কোণ বাড়ি। এই বাড়িগুলো পাশাপাশি প্রতিবেশী ; উভয় বাড়িতেই মা, বাবা ও এক সন্তানবিশিষ্ট পরিবার বসবাস করে।
    - ■ বাড়ি দুইটির মধ্যে একমাত্র পার্থক্য হলো গোলাকার বাড়ির সদস্যদের বার্ষিক আয় ১০০ টাকা ও চতুষ্কোণ বাড়ির সদস্যদের বার্ষিক আয় ৫০টাকা।
    - ■ এরপর শিক্ষক শিক্ষার্থীদেরকে বুঝিয়ে বলবেন যে তারা উপলব্ধি করতে যাচ্ছে যে উভয় বাড়িতে বসবাসের অভিজ্ঞতা কীরূপ হতে পারে।

- **কার্যক্রমের প্রস্তুতি (৫ মিনিট):**
  - ○ শিক্ষক গোটা শ্রেণিকে দুই পক্ষে বিভক্ত করবেন: এক পক্ষ গোলাকার বাড়িকে প্রতিনিধিত্ব করবে এবং অপর পক্ষ চতুষ্কোণ বাড়িকে প্রতিনিধিত্ব করবে।
  - ○ একেকটি পক্ষের শিক্ষার্থীরা ৩-৪ টি দলে বিভক্ত হয়ে যাবে। এ সময়ে শিক্ষক গোলাকার বাড়ির প্রতিটি দলের মাঝে ১০ টাকা ও চতুষ্কোণ বাড়ির প্রতিটি দলের মাঝে ৫ টাকা বিতরণ করবেন।
    - ■ You should cut out enough bills ahead of time. শিক্ষক আগেভাগে কাগজ কেটে যথেষ্ট সংখ্যক টাকা তৈরি করে রাখবেন।

- **কার্যক্রম (১০ মিনিট):**
  - ○ শিক্ষার্থীরা দল গঠন করলে ও টাকা পেয়ে থাকলে শিক্ষক বোর্ডে একটি কর্মধারা লিখবেন যেখানে প্রতিটি কাজের আলাদা খরচ উল্লেখ থাকবে (টাকার অঙ্ক ১০-৫০ টাকার increments মধ্যে সীমাবদ্ধ থাকবে)।

- আলোচ্য পাঠের প্রেক্ষাপটে এই কাজগুলো এমন হবে যা সাধারণত ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীরা করে অভ্যস্ত (যেমন: বন্ধুদের সাথে ঘোরাঘুরি করা, চিত্রাঙ্কন, বই পড়া ইত্যাদি)।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদেরকে বুঝিয়ে বলবেন যে বাড়ির শিশু সদস্যটি কত টাকা সঞ্চয় করেছে তা এই টাকা দ্বারা নির্দেশিত হবে। এই পর্যায়ে প্রতিটি দল সিদ্ধান্ত নিবে যে তারা কেন ও কোন কাজে টাকা খরচ করতে ইচ্ছুক। (এই কাজের কাঠিন্যমাত্রা শিক্ষকের বিবেচনাধীন। এটি একাধিক কাজের নিছক একটি তালিকা হতে পারে অথবা কাজগুলোর মাঝে পারস্পরিক ধারাবাহিকতা থাকতে পারে ও একেক খাতে খরচকে একাধিক ভাগে ভাগ করা (sub-costs) যেতে পারে)।

- **পুনরালোচনা (১০ মিনিট):**
  - ১০ মিনিট দলীয় আলোচনার পর শিক্ষক প্রথমে গোলাকার বাড়ি ও তারপর চতুষ্কোণ বাড়ির প্রতিটি দলকে জিজ্ঞেস করবেন যে তারা কোন কোন খাতে তাদের টাকা খরচ করেছে।
  - এরপর শিক্ষক শিক্ষার্থীদেরকে উভয় পক্ষের নির্বাচিত কাজের তুলনামূলক আলোচনায় নেতৃত্ব দিবেন এবং এই প্রক্রিয়াটি তাদের কাছে অন্যায্য মনে হয়েছে কিনা তার কারণ বিশ্লেষণ করতে উৎসাহ দিবেন।
    - আলোচনাকে ফলপ্রসূ করতে শিক্ষক প্রশ্ন তুলতে পারেন, "কিন্তু এই শিশুরা পাশাপাশি বাড়িতে থাকতো এবং তাদের একইরকম সুযোগ ছিল। এখানে অন্যায্য বিষয়টি কী?"

- **In Our Own Community নিজ সমাজে (১০ মিনিট):**
  - এরপর শিক্ষক শিক্ষার্থীদেরকে এক টুকরো কাগজ হাতে নিতে বলবেন এবং এই কার্যক্রমটি তাদের নিজেদের সমাজে কীরূপে প্রযোজ্য সে বিষয়ে নিজের ভাষায় ৫ মিনিট লিখতে বলবেন।
    - এ সময়ে শিক্ষক শিক্ষার্থীদের কাজ পর্যবেক্ষণ করতে পারেন এবং যে সকল শিক্ষার্থী লেখায় পিছিয়ে থাকবে তাদের সাহায্যার্থে প্রশ্ন করতে পারেন, "চতুষ্কোণ বাড়িতে বসবাসের অনুভূতি কেমন হবে?" অথবা "একই সমাজের পরিবারগুলোর মধ্যে আয় ব্যতীত আর কোন কারণে তারতম্য ঘটে কি?"

◦ ৫ মিনিট পরে শিক্ষার্থীদের ভাবনাগুলো শোনা যেতে পারে।
  ▪ যেহেতু শিক্ষার্থীরা তাদের নিজস্ব সমাজ নিয়ে আলোচনা করবে এবং এর ফলে কিছু ব্যক্তিগত বা সংবেদনশীল বিষয় লঙ্ঘিত হতে পারে, সেহেতু শিক্ষক সাবধানতার সাথে এই আলোচনা পরিচালনা করবেন।

- **সমাপ্তি (৫ মিনিট):**
  - ◦ সময় থাকলে শিক্ষক শিক্ষার্থীদেরকে জিজ্ঞেস করবেন যে তাদের মতে চতুষ্কোণ বাড়ির শিশুটি যাতে গোলাকার বাড়ির শিশুটির ন্যায় সমান সুযোগসুবিধা পায় তা নিশ্চিতকরণে কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে।
  - ◦ দলবদ্ধভাবে মাথা খাটানো শেষে প্রত্যেক শিক্ষার্থী একটি করে পরামর্শ লিখবে যা তাদের ছুটির টিকেট হিসেবে গণ্য হবে।

**শিক্ষক সহায়ক:**

- ডলার নকশা: http://tiny.cc/G6L2R1

**শ্রেণি- ৬ষ্ঠ ; পাঠ- ৩**
“**রাষ্ট্রে আমার অবস্থান**”

**সময়সীমা:** ৪৫ মিনিট
**বিষয়:** ইতিহাস, সমাজ, ভাষা শিল্প
**মানদণ্ড:** অসমতা হ্রাস (SDG ১০); শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান (SDG ১৬); লক্ষ্য পূরণে অংশীদারত্ব (SDG ১৭)
**প্রণয়নে:** Alexandra Ball, Heer Shaikh, Deaweh Benson, Somoh Supharukchinda

**সারসংক্ষেপ ও মূলনীতি:**

- আত্মপরিচয় ও সমাজে নিজেদের অবস্থান নিয়ে ইতোমধ্যে আলোচনা শেষে এই পাঠে শিক্ষার্থীরা জাতীয় প্রেক্ষাপটে অসমতা নিয়ে আলোচনা করবে।
    - নির্দিষ্টভাবে বলতে গেলে, সমাজের অন্যান্য সদস্যদের অভিজ্ঞতা ও শিক্ষার্থীদের অভিজ্ঞতার তুলনামূলক আলোচনা ও ভিন্নতার কারণ ব্যাখ্যায় শিক্ষার্থীদেরকে উদ্‌বুদ্ধ করা হবে।

- “ইচ্ছেমতো অভিযান” (“choose-your-own-adventure”) শৈলীতে সৃজনশীল লিখন / অভিনয়ের অনুশীলনের মাধ্যমে যা যা আয়ত্ত করা হবে:
    - শিক্ষার্থীদেরকে তাদের দেশের মধ্যেই ভিন্ন সমাজ/অঞ্চল/সংস্কৃতির তিনজন শিশুর সাথে পরিচয় করিয়ে দেওয়া হবে।
    - শিশুগুলোর জীবন সম্পর্কে মৌলিক কিছু তথ্য জানার পর শিক্ষার্থীরা একাধিক দলে ভাগ হয়ে যাবে এবং শিশুগুলোর জীবনের বিভিন্ন পর্যায় কল্পনা / উপস্থাপন করবে।
    - দলীয় উপস্থাপনার পর, এই শিশুদের অভিজ্ঞতা ও শিক্ষার্থীদের নিজেদের অভিজ্ঞতার পার্থক্য ও তার কারণ কী সে বিষয়ে শিক্ষার্থীদের মধ্যে প্রশ্নোত্তর পর্ব চলবে।

**নির্দেশনামূলক লক্ষ্য:**

- শিক্ষার্থীরা কল্পনা করবে যে তাদের দেশীয় প্রেক্ষাপটে অপরাপর ব্যক্তির জীবনযাত্রা কীরূপ হতে পারে।

- ○ বিভিন্ন সাংস্কৃতিক প্রেক্ষাপটের সাথে আলোচ্য পাঠ যাতে প্রাসঙ্গিক হয় সে লক্ষ্যে শিক্ষক পূর্ব প্রস্তুতি হিসেবে তিনটি কাল্পনিক শিশুর সাধারণ কিছু তথ্য সংবলিত বৃত্তান্ত (প্রোফাইল) তৈরি করে রাখতে পারেন (নাম, আদি নিবাস, পরিবার, তারা শহুরে/গ্রাম্য পরিমণ্ডলে বাস করে কিনা, ধর্ম বা পাঠের সাথে প্রাসঙ্গিক অন্য যে কোন তথ্য)।
- ○ পাঠের কার্যকারিতার লক্ষ্যে এই বৃত্তান্তগুলো একটি অপরটি থেকে ভিন্ন হওয়া জরুরি।

**অনুধাবনমূলক লক্ষ্য:** শিক্ষার্থীদের স্বদেশের মাঝেও তাদের চেয়ে ভিন্ন অভিজ্ঞতা ও সুযোগসম্পন্ন ভিন্ন অঞ্চল / গোত্র / সংস্কৃতির মানুষ রয়েছে।

**আবশ্যক প্রশ্নমালা:**

- পরিচয় / অভিজ্ঞতার দিক দিয়ে তোমাদের ও তোমাদের স্বদেশের অন্যান্য মানুষের মধ্যে তফাত কী?
- এ সকল পার্থক্যের কারণ কী?
- এ সকল তারতম্য আমাদের জীবনচক্র / সম্ভাবনাকে কীভাবে প্রভাবিত করে ?

**শিখন ফল:**

এই পাঠ শেষে শিক্ষার্থীরা-

- তাদের চারিত্রিক বর্ণনা পড়তে বা অনুধাবন করতে পারবে।
- ১১, ১৬ ও ২১ বছর বয়সে তাদের ব্যক্তিত্ব কীরূপ হবে তা তৈরি/ উপস্থাপন করতে পারবে।
- প্রতি বয়সে এ সকল চরিত্রের অভিজ্ঞতার কীরূপ প্রভেদ হয়, এ সকল প্রভেদ কেন বিদ্যমান এবং এসবের তাৎপর্য নিয়ে আলোচনা করতে পারবে।

**মূল্যায়ন:**

- যদিও কোন আনুষ্ঠানিক মূল্যায়ন হবে না, তথাপি শিক্ষক নিশ্চিত করবেন যে প্রত্যেক শিক্ষার্থী দলীয় কাজে এবং চূড়ান্ত উপস্থাপনায় অংশগ্রহণ করছে কিনা।
- প্রত্যেক শিক্ষার্থী যা শিখলো তা সম্পর্কে এক বাক্যবিশিষ্ট একটি সারসংক্ষেপ জমা দিবে (ছুটির টিকেট হিসেবে)।

**কর্মধারা:**

- **ভূমিকা (১০ মিনিট)**
    - শিক্ষক শিক্ষার্থীদের সামনে তাদের নিজস্ব সমাজের একজন সাধারণ শিক্ষার্থীর নমুনা গল্প উপস্থাপন করবেন – শিক্ষার্থীটির পরিচিতি ও তার জীবন / পরিবার / সমাজের সংক্ষিপ্ত বর্ণনা
    - এরপর শিক্ষক শিক্ষার্থীদের সামনে ভিন্ন সংস্কৃতি / অঞ্চল / গোত্রের আরও তিনজন শিক্ষার্থীর জীবনবৃত্তান্ত উপস্থাপন করবেন এবং শিক্ষার্থীদের সাথে তাদের জীবনপ্রণালির মধ্যে কী তফাত থাকতে পারে ও সেগুলোর কারণ কী তা কল্পনা করার নির্দেশনা দিবেন।
    - এ সকল নির্দেশনাকালে শিক্ষক নিম্নোক্ত প্রশ্ন উত্থাপন করতে পারেন:
        - "এই শিক্ষার্থী কি এমন কোন স্কুলে পড়ালেখা করবে?"
        - "তোমার মতে এই শিক্ষার্থীর প্রিয় শখ কী?"

- **কার্যক্রমের প্রস্তুতি (২ মিনিট)**
    - শিক্ষার্থীরা ৪-৫ জনের একেকটি দলে বিভক্ত হয়ে যাবে এবং প্রতিটি দল একেকজন কাল্পনিক শিক্ষার্থীর হয়ে কাজ করবে। একই কাল্পনিক চরিত্রের জন্য একাধিক দল বাছাই করা যাবে।

- **কার্যক্রম (১০-১৫ মিনিট)**
    - শিক্ষার্থীরা দলীয়ভাবে লেখা, অভিনয়, শিল্প ইত্যাদি যেকোন মাধ্যমে তাদের জন্য বাছাইকৃত কাল্পনিক শিক্ষার্থী চরিত্রের গল্প বর্ণনা করবে। তাদের ব্যবহারের জন্য শিক্ষক বিভিন্ন সরঞ্জামের ব্যবস্থা করবেন।

- **উপস্থাপনা (১০ মিনিট)**
    - প্রতিটি দল শ্রেণিতে তাদের কাল্পনিক শিক্ষার্থীর গল্প উপস্থাপন করবে।

- **আলোচনা (১০ মিনিট)**
    - শিক্ষার্থীদের উপস্থাপনা শেষে শিক্ষক সমষ্টিগত আলোচনার সূত্রপাত করবেন যেখানে একই দেশের ঘটনা হওয়া সত্ত্বেও গল্পগুলোর মাঝে কী কী পার্থক্য ছিল তা তুলে ধরা হবে। একইসাথে শিক্ষক গল্পগুলোর মাঝে মিলগুলোও শিক্ষার্থীদের বিবেচনায় আনতে উৎসাহিত করবেন।

- **সমাপ্তি /ছুটির টিকেট (২ মিনিট)**
    - পাঠ শেষ হওয়ার পূর্বে প্রত্যেক শিক্ষার্থী শ্রেণির কাজের এমন একটি দিক লিখবে যেটি তাদেরকে বিস্মিত করেছে।

**শিক্ষক সহায়ক:**

- সৃজনশীল উপায়ে শিশুতোষ গল্প উপস্থাপনের উদাহরণ: http://tiny.cc/G6L3R1
- কমিক স্ট্রিপের উদাহরণ: http://tiny.cc/G6L3R2
- শিক্ষার্থীদের তথ্য সন্নিবেশের টেমপ্লেট: http://tiny.cc/G6L3R3

**শ্রেণি- ৬ষ্ঠ ; পাঠ- ৪**
“**বিশ্বে আমার অবস্থান**”

**সময়সীমা:** ৪৫ মিনিট
**বিষয়:** ভূগোল, পৌরনীতি
**মানদণ্ড:** দারিদ্র্য বিলোপ (SDG ১); মানসম্মত শিক্ষা (SDG ৪); অসমতা হ্রাস (SDG ১০); শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান (SDG ১৬)
**প্রণয়নে:** Alexandra Ball, Heer Shaikh, Deaweh Benson, Somoh Supharukchinda

**সারসংক্ষেপ ও মূলনীতি:**

- বিশ্ব নাগরিক হিসেবে নিজেদের ভূমিকা বিষয়ক সচেতনতা ও সংবেদনশীলতা বৃদ্ধির নিমিত্তে আলোচ্য পাঠে শিক্ষার্থীরা বৈশ্বিক অসমতা সম্পর্কে জানবে।
- আত্মোপলব্ধি, পরিচয় গঠন ও সহানুভূতিপূর্ণ মানব মিথস্ক্রিয়ার ভিত হিসেবে সাংস্কৃতিক বৈচিত্র্য ও বিশ্ব সংস্কৃতির প্রতি প্রশংসাসূচক, কৌতূহলী ও শ্রদ্ধাশীল মনোভাব গঠনের রূপরেখার থিমের সাথে আলোচ্য পাঠের সাযুজ্য থাকবে।
- শিক্ষার্থীরা মানবকুল, জীব ও জগতের আন্তঃসম্পর্ককে স্বীকৃতি দিতে ও সমাদর করতে সক্ষম হবে।

**নির্দেশনামূলক লক্ষ্য:** এই পাঠ থেকে শিক্ষার্থীরা বৈশ্বিক পরিসংখ্যান ও অসমতা সম্পর্কে জানবে এবং ব্যক্তিগত দায়িত্ব বিবেচনায় উদ্‌বুদ্ধ হবে।

**অনুধাবনমূলক লক্ষ্য:** বৈশ্বিক অসমতা কীভাবে দেশগুলোর আন্তঃযোগাযোগকে প্রভাবিত করে শিক্ষার্থীরা তা অনুধাবন করবে এবং সমস্যা সমাধানের প্রয়োজনীয় দক্ষতা অর্জন করবে।

**আবশ্যক প্রশ্নমালা:**

- কীসের ভিত্তিতে একটি দেশ আরেকটি দেশ থেকে ভিন্ন হয়?
- এই ভিন্নতা দেশগুলোর আন্তঃযোগাযোগকে কীভাবে প্রভাবিত করে?
- এই বৈশ্বিক যোগাযোগ কীভাবে ব্যক্তিবিশেষের জীবনকে প্রভাবিত করে?

**শিখন ফল**:
এই পাঠ শেষে শিক্ষার্থীরা-

- অন্যের জায়গায় নিজেদেরকে কল্পনা করতে এবং তাদের কর্মকাণ্ড সম্পর্কে বিশ্লেষণী চিন্তা করতে সক্ষম হবে।
- সমস্যা সমাধান ও সহপাঠীদের সাথে সহযোগিতা অনুশীলন করতে সক্ষম হবে। • দ্বন্দ্ব ও সংঘাত কীভাবে বৈশ্বিক পর্যায়ে প্রভাব বিস্তার করে তা অনুধাবন করতে সক্ষম হবে।

**মূল্যায়ন:** পরিমার্জনের পর চূড়ান্ত লেখা; "সংবাদপত্র সম্পাদক" (শিক্ষক অথবা শ্রেণির যেকোনো শিক্ষার্থী) থেকে ফলাবর্তক / ফিডব্যাক

**কর্মধারা:**

- **ভূমিকা (৫ মিনিট)**
  - শিক্ষক শিক্ষার্থীদেরকে পাঠ ২ ও ৩ এর বিষয়বস্তু মনে করিয়ে দিবেন যেখানে তারা সামাজিক ও জাতীয় পর্যায়ে অসমতা ও শ্রেণি বিভাজনের নানা সমস্যা সম্পর্কে জেনেছে। এরপর তিনি শিক্ষার্থীদেরকে বুঝিয়ে বলবেন যে এই পাঠে তারা একটি UN সিমুলেশনের মাধ্যমে বিগত পাঠগুলোই বৈশ্বিক পর্যায়ে প্রয়োগ করে দেখবে।
  - শিক্ষক সংক্ষেপে ব্যাখ্যা করবেন যে UN কী এবং কীভাবে বিভিন্ন দেশ তাদের পক্ষে কথা বলার জন্য UN বরাবর প্রতিনিধি প্রেরণ করে। সময় ও সুবিধা থাকা সাপেক্ষে শিক্ষক চাইলে শিক্ষার্থীদেরকে UN ওয়েবসাইট বা UN সংশ্লিষ্ট অন্য কোন মাধ্যম দেখাতে পারেন।

- **কার্যক্রমের প্রস্তুতি (১০ মিনিট)**
  - শিক্ষক এবার বুঝিয়ে বলবেন যে শিক্ষার্থীরা বিভিন্ন দেশের ভূমিকায় অভিনয় করবে। এ উদ্দেশ্যে তিনি গোটা শ্রেণিকে ৪-৫ সদস্যবিশিষ্ট কয়েকটি দলে ভাগ করবেন। প্রতিটি দল একেকটি দেশের প্রতিনিধিত্ব করবে আর একেকটি দেশ তার আকার, অঞ্চল, নৃতত্ত্বগোষ্ঠী ও অর্থনীতির ব্যাপ্তির প্রতিনিধিত্ব করবে।
  - সব দলকে একেকটি দেশের প্রতিনিধি হিসেবে মনোনয়ন করা হয়ে গেলে শিক্ষক পাঠ পুনরালোচনা করবেন এবং শিক্ষার্থীদেরকে একটি সমস্যা সমাধান করতে দিবেন। এই সমস্যা শিক্ষক তার বিবেচনা অনুযায়ী বাছাই করবেন, তবে সবচেয়ে কার্যকর হবে যদি এটি সম্পর্কে শিক্ষার্থীদের মোটামুটি সচেতনতা থাকে বা তাদের সমাজের সাথে প্রাসঙ্গিক হয়।

- ▪ সম্ভাব্য সমস্যা: দলগুলোর যে কোন দুই দেশের মধ্যে যুদ্ধ, আঞ্চলিক পানি / সম্পদ সংকট, দলগুলো ব্যতীত ভিন্ন দেশের কোন একটি সমস্যা ইত্যাদি।
- ○ এরপর শিক্ষক শিক্ষার্থীদের মাঝে এক পাতা কাগজ বিতরণ করবেন যেখানে প্রদত্ত সমস্যার প্রেক্ষিতে তাদের দেশটির অবস্থান বিস্তারিত ব্যাখ্যা করা হবে (এই কাজ পাঠের পূর্বেই প্রস্তুত করে রাখতে হবে)। এতে দেশটির জনগণ / নেতাদের অভিমত, সমস্যাটির কোন অর্থনৈতিক / সম্পদভিত্তিক ঝুঁকি এবং সিমুলেশনের অন্য কোন দেশের সাথে এই সমস্যাসংকুল দেশটির প্রভাবমূলক / আলোচনামূলক প্রস্তাব তা অন্তর্ভুক্ত থাকবে।

- **কার্যক্রম (১৫ মিনিট)**
  - ○ শিক্ষকের নির্দেশনা পাওয়ামাত্র শিক্ষার্থীরা একাধিক দলে বিভক্ত হয়ে যাবে এবং সমস্যাটি কীভাবে সমাধান করা যায় সে ব্যাপারে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নিবে। এই কাজে বরাদ্দ সময় অনির্দিষ্ট থাকবে যাতে শিক্ষার্থীরা স্বাধীনভাবে নিজেদের দলের মধ্যে কৌশল নির্ধারণ বা অপর দলগুলোর সাথে আলোচনা করতে পারে।
  - ○ এই সময়ে শিক্ষক দলগুলোর আলোচনার সুবিধার্থে শ্রেণিকক্ষে পায়চারি করে সবার কাজ পর্যবেক্ষণ করবেন। তিনি নিশ্চিত করবেন যে সকল দল যেন তাদের সর্বোচ্চ স্বার্থের কথা মাথায় রেখে কৌশল নির্বাচন করে এবং তাদের ও অন্য দেশগুলোর স্বার্থের পার্থক্যও যেন বিবেচনা করে।

- **পুনরালোচনা (১০ মিনিট)**
  - ○ শিক্ষক শিক্ষার্থীদেরকে পূর্বের অবস্থানে ফিরে যেতে বলবেন এবং সবাইকে সমষ্টিগতভাবে সমাধান উপস্থাপন করতে বলবেন (যদি তারা কোন সমাধানে উপনীত হয়ে থাকে)।
  - ○ এরপর শিক্ষকের নেতৃত্বে শিক্ষার্থীরা নিম্নোক্ত বিষয়ে আলোচনা করবে:
    - ▪ নিজ দেশ ব্যতীত অন্য দেশের সাথে একমত পোষণ করা কি দুরূহ ছিল? কেন?
    - ▪ আলোচনাকালে তুমি কীভাবে নিজের স্বার্থ রক্ষা করলে?
    - ▪ শ্রেণির নির্দিষ্ট কিছু দেশ কি অন্যান্য দেশ অপেক্ষা অধিক ক্ষমতাবান ছিল? কেন?
    - ▪ এটি কি একটি ন্যায়সংগত প্রক্রিয়া ছিল? কেন বা কেন নয়?

**সহায়িকা:**

- নানা দেশের নানা তথ্য: http://tiny.cc/G6L4R1
- নমুনা UN ক্ষুদ্র-সিমুলেশন: http://tiny.cc/G6L4R2
- মডেল UN ক্ষুদ্র-সিমুলেশন: http://tiny.cc/G6L4R3
- মডেল UN পাঠ ১৩ ম্যানুয়েল: http://tiny.cc/G6L4R4

Global Schools Program

**শ্রেণি- ৬ষ্ঠ** ; **পাঠ- ৫**
"**দিন বদলের ডাক**"

**সময়সীমা:** ৪৫ মিনিট
**বিষয়:** সমাজ, পৌরনীতি, কলা
**মানদণ্ড:** দারিদ্র্য বিলোপ (SDG ১); মানসম্মত শিক্ষা (SDG ৪); অসমতা হ্রাস (SDG ১০); শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান (SDG ১৬)

**প্রণয়নে:** Alexandra Ball

**সারসংক্ষেপ ও মূলনীতি:**

- আলোচ্য পাঠে শিক্ষার্থীরা তাদের সমাজে বিদ্যমান এমন একটি সমস্যা বেছে নিবে যেটি তারা সমাধান করতে চায় এবং এই প্রক্রিয়ায় তারা স্থানীয় পর্যায়ে তাদের লক্ষ্য পুনঃস্থাপন করবে।
    - শিক্ষার্থীদের ব্যক্তিগত আগ্রহসাপেক্ষে এটি যেকোন সমস্যা হতে পারে ; যেমন: পরিবেশের সুরক্ষা, ক্ষুধা, গৃহহীনতা, জাতিগত বৈষম্য ইত্যাদি।
- এই পাঠ চলাকালে শিক্ষার্থীরা তাদের দৈনন্দিন জীবনে এই সমস্যাগুলো সমাধানকল্পে ৫টি করণীয় সংবলিত একটি তালিকা তৈরি করবে। এরপর তারা পোস্টারে এই ৫টি ধাপ লিখবে যা তাদের শ্রেণিকক্ষে বা বিদ্যালয়ে প্রদর্শিত হবে।

**নির্দেশনামূলক লক্ষ্য:** শিক্ষার্থীরা তাদের সমাজে বিদ্যমান অসমতা বা চাহিদা শনাক্ত করবে এবং ব্যক্তিস্বার্থ ভেদে সমস্যা নিরসনে ব্যক্তিগত পদক্ষেপ গ্রহণে অনুপ্রাণিত হবে।

**অনুধাবনমূলক লক্ষ্য:**

- আমার সমাজের নিত্য নৈমিত্তিক ঘটনা আমাকে বিশ্লেষণী দৃষ্টিতে দেখতে হবে।
- অসম অবস্থার পরিবর্তনের সক্ষমতা আমার আছে এবং সেই চেষ্টা করা আমার দায়িত্ব।

**আবশ্যক প্রশ্নমালা:**

- আমার সমাজে সমতা, অধিকার ও ন্যায়বিচারের অভাবজনিত সমস্যাবলির চিত্র কীরূপ?
- বাস্তব জীবনে এই সমস্যাগুলো সমাধানে আমার করণীয় কী?

SUSTAINABLE DEVELOPMENT GOALS
17 GOALS TO TRANSFORM OUR WORLD

Global Schools Program

**শিখন ফল:**
এই পাঠ শেষে শিক্ষার্থীরা-

- তাদের ব্যক্তিগত স্বার্থ সংশ্লিষ্ট একটি সমস্যা ও সমাজের সনির্বন্ধ চাহিদা শনাক্ত করবে।
- উক্ত সমস্যা সমাধানে ৫টি উপায়ের একটি তালিকা তৈরি করবে। • তালিকাটি শ্রেণিতে উপস্থাপন করবে।

**মূল্যায়ন:** ৫টি কার্যবিবরণী সংবলিত পোস্টার যা পাঠের শেষে জমা দিতে হবে।

**কর্মধারা:**

- **ভূমিকা (৫ মিনিট):**
  বিগত ৪টি পাঠে আলোচিত সমস্যাগুলোর পুনরালোচনা: আত্ম-পরিচয় / অধিকার এবং স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে অসমতার বাস্তবতা ও পরিণাম
  - শিক্ষার্থীরা ইতঃপূর্বে আলোচিত কয়েকটি সমস্যার কথা উল্লেখ করলে শিক্ষক এই উক্তিটি বোর্ডে লিখবেন: *"Never doubt that a small group of thoughtful, committed citizens can change the world; indeed, it's the only thing that ever has."* — Margaret Mead

  *" চিন্তাশীল ও প্রতিশ্রুতিশীল নাগরিক সংখ্যায় নগণ্য হলেও তাদের পৃথিবী বদলে দেওয়ার সন্দেহাতীত ক্ষমতা রয়েছে। "* — মার্গারেট মিড
  - শিক্ষক শিক্ষার্থীদেরকে এই উক্তিটির অর্থ জিজ্ঞেস করবেন এবং তাদের মতে তারা পৃথিবী বদলে দেওয়ার ক্ষমতা রাখে কিনা (কেন বা কেন নয়) তা জিজ্ঞেস করবেন।

- **নির্দেশনা (৫ মিনিট):**
  - শিক্ষক ব্যাখ্যা করবেন যে শিক্ষার্থীরা আজ তাদের সমাজে নিত্য ঘটে যাওয়া একটি সমস্যা নির্বাচন করবে এবং সেটি সমাধানে ৫টি কার্যবিবরণী (action steps) সংবলিত উপায় বের করবে।

  - শিক্ষক শিক্ষার্থীদের কাছ থেকে সমস্যাগুলোর নাম জানতে পারেন অথবা নিজেই কতিপয় উদাহরণ দিতে পারেন। এছাড়াও শিক্ষার্থীদেরকে কয়েকটি সংবাদপত্র

সরবরাহ করা যেতে পারে যাতে তারা নিজেরা সংবাদপত্র ঘেঁটে সমস্যা শনাক্ত করতে পারে।

- **একক কাজ (২৫ মিনিট):**
    - এই পাঠের বেশিরভাগ সময়ই শিক্ষার্থীরা এককভাবে ব্যয় করবে সমস্যা শনাক্ত ও সমাধান বের করার কাজে। একই ধরনের সমস্যায় গুরুত্ব দিতে চাইলে শিক্ষার্থীরা ছোট ছোট দলে ভাগ হয়ে একত্রে কাজ করতে পারে।
    - এ সময়ে শিক্ষক শিক্ষার্থীদেরকে প্রাসঙ্গিক সমস্যা শনাক্তকরণে ও সৃজনশীল সমাধান বের করার কাজে নিরবচ্ছিন্নভাবে সাহায্য করবেন। তিনি শিক্ষার্থীদের সমাজে ব্যক্তিগত অভিজ্ঞতার ভিত্তিতে কাজ করতে ও সম্ভাব্য কার্যকর সমাধান বের করতে উৎসাহিত করবেন (যেমন: ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীর পক্ষে ব্যক্তিগত সংস্থা প্রতিষ্ঠা করা সম্ভবপর নাও হতে পারে, তবে তারা স্থানীয় এনজিওতে অনুদান দেওয়ার জন্য অর্থ সংগ্রহের চেষ্টা করতে পারে।)
    - অতঃপর প্রত্যেক শিক্ষার্থী / দল নির্দিষ্ট সমস্যা ও ৫টি সমাধানের কার্যবিবরণী সংবলিত একেকটি পোস্টার তৈরি করবে। হাতে সময় থাকলে তারা ক্রেয়ন, মার্কার, স্টিকার ইত্যাদি দিয়ে পোস্টারগুলো সাজাতে পারে।

- **উপস্থাপনা (১০ মিনিট)**
    - পাঠের শেষ ভাগে প্রত্যেক শিক্ষার্থী তাদের নির্ধারিত সমস্যা ও সেটি সমাধানে করণীয় কী তা পড়ে শোনাবে। এগুলোর উন্মুক্ত প্রদর্শনী হবে যাতে সবাই সমাজের কল্যাণে কাজ করার সার্বক্ষণিক প্রেরণা পায়।